

বরিশাল মেডিক্যাল কলেজের শিক্ষকের বিরুদ্ধে যৌন নিপীড়নের মামলা

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক : বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজের পল্যাচিকিৎসা বিভাগের প্রধান ডা. জিন্নাতুল ইসলাম জিন্নাহর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্ত চিকিৎসক গত দু'দিন ধরে নিবোধিত রয়েছেন।

বরিশাল মেডিক্যাল কলেজের সিনিয়র শিক্ষক ডা. জিন্নাহর বিরুদ্ধে কলেজেরই ২৮তম ব্যাচের এক ছাত্রীকে যৌন নিপীড়নের স্বপ্নে গত কয়েকদিন ধরে মেডিকেল কলেজে ভোলপাড় ও শহরে ব্যাপক আলোচনা চলছে। এ সংক্রান্ত খবর বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। সংবাদপত্রে খবর দেখে বরিশাল শহরের সদর রোডের অনামী পেনের বশীর আহমেদ মুরজ নামে এক ব্যক্তি বৃহস্পতিবার বরিশাল নারী ও শিশু নির্যাতন দমন আদালতে ডা. জিন্নাহর বিরুদ্ধে কলেজের ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মামলা দায়ের করেছেন। মামলায় ঘটনার ডিকটিম ছাত্রী, কলেজের অধ্যক্ষ ডা. আ. বারেক খান, বরিশাল বিএমএ সম্পাদক ডা. হাবিবুর রহমান, ই-টার্মি চিকিৎসক পরিষদের সভাপতি ডা. সাইদুল ইসলাম আবিদ, স্থানীয় সাংবাদিক স্বপন বন্দ্যোপাধ্যায় ও মেডিকেল কলেজের ২৮তম ব্যাচের ছাত্রছাত্রীদের সাক্ষী হিসেবে উল্লেখ করা হয়েছে।

বাদির জবানবন্দী গ্রহণ করে আদালতের বিচারক মো. নূরুল হক অভিযোগটিকে এজাহার হিসেবে গ্রহণ করে অভিযোগ সম্পর্কে তদন্ত করার জন্য কোতোয়ালি থানার ডায়রপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দিয়েছেন। বাদিপক্ষে আ. মজিদ মুন্সি,

কাজী মনিরুল হাসান, বিপ্লব কুমার রায়, শফিকুল ইসলাম রাহাত প্রমুখ আইনজীবী মামলাটি পরিচালনা করেন।

এদিকে ২৪শে জুন খবরটি প্রকাশিত হওয়ার পর থেকে সপ্তশ্রী চিকিৎসক নিবোধিত রয়েছেন। কলেজ সূত্র থেকে জানা যায়, গত দু'দিন তিনি কলেজে যাননি। এদিকে তিনি তার চেম্বারেও আসেননি। তার বাসায় টেলিফোন করলে জানানো হয় ডাক্তার সাহেব বরিশালে নেই।